

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ শিশু একাডেমি
খুলনা

স্মারক নং: বিএসএ/খুল/শিশু অধিকার সপ্তাহ-০৮/২০২৫/১০৫(২০০)

তারিখ : ২২.০৯.২০২৫ খ্রি.

বিষয় : বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৫ উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচি প্রসঙ্গে।

সূত্র : ৩২.০৩.০০০০.৪০১.২৩.০০০৯.২৫-৯০৫৩(১৪৫), তারিখ : ১৮.০৯.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৫ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি খুলনা কর্তৃক নিম্নে উল্লিখিত কর্মসূচির আয়োজন করা হয়েছে।

তারিখ ও বার	সময়	বিষয় ও বিভাগ	স্থান
০৬.১০.২০২৫ সোমবার	সকাল ১০.০০ টা	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৫ এর উদ্বোধন, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	বাংলাদেশ শিশু একাডেমি খুলনা
০৭.১০.২০২৫ মঙ্গলবার	বিকাল ৪.০০ টা	কুইজ প্রতিযোগিতা (শুধুমাত্র বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক পরিচালিত শিশু বিকাশ কেন্দ্রের শিশুদের জন্য) ক-বিভাগ: ৩য় থেকে ৫ম শ্রেণি, খ-বিভাগ: ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি	শিশু বিকাশ কেন্দ্র মুজগুনী, খুলনা
০৮.১০.২০২৫ বুধবার	সকাল ১০.০০ টা	জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে কন্যাশিশুদের অংশগ্রহণে সমাবেশ, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	বাংলাদেশ শিশু একাডেমি খুলনা
	বিকাল ৩.০০ টা	নৃত্য প্রতিযোগিতা (সাধারণ নৃত্য) ক-বিভাগ: ১ম থেকে ৩য় শ্রেণি, খ-বিভাগ: ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি, গ-বিভাগ: ৭ম থেকে ১০ম শ্রেণি	
০৯.১০.২০২৫ বৃহস্পতিবার	বিকাল ৪.০০ টা	চিত্রাংকন প্রতিযোগিতা ক-বিভাগ: ১ম থেকে ৩য় শ্রেণি। বিষয় ও মাধ্যম: উনুজ খ-বিভাগ: ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি [বিষয়: শিশু অধিকার, মাধ্যম: জলরং/প্যাস্টেল রং] গ-বিভাগ: ৭ম থেকে ১০ম শ্রেণি [বিষয়: শিশু অধিকার, মাধ্যম: জলরং/প্যাস্টেল রং] ঘ-বিভাগ: বিশেষ চাহিদা সম্পন্ন শিশু, পথশিশু ও শ্রমজীবী শিশু [বিষয় ও মাধ্যম: উনুজ]	ঐ
১১.১০.২০২৫ শনিবার	বিকাল ৩.০০ টা	সংগীত প্রতিযোগিতা (দেশাত্মবোধক সংগীত) ক-বিভাগ: ১ম থেকে ৩য় শ্রেণি, খ-বিভাগ: ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি, গ-বিভাগ: ৭ম থেকে ১০ম শ্রেণি	ঐ
		কবিতা আবৃত্তি প্রতিযোগিতা ক-বিভাগ: ১ম থেকে ৩য় শ্রেণি [খুকি ও কাঠবিড়ালি, কাজী নজরুল ইসলাম (প্রথম ১১ লাইন)] খ-বিভাগ: ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি [বীর পুরুষ, রবীন্দ্রনাথ ঠাকুর (প্রথম ১৬ লাইন)] গ-বিভাগ: ৭ম থেকে ১০ম শ্রেণি [ছাড়পত্র, সুকান্ত ভট্টাচার্য (প্রথম ২১ লাইন)]	ঐ
১৩.১০.২০২৫ সোমবার	সকাল ১০.০০ টা	'শিশুদের শিক্ষা, স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্য' শিরোনামে শিশুদের অংশগ্রহণে আলোচনা অনুষ্ঠান ও শিশুদের সুরক্ষা, বিকাশ, উন্নয়ন এবং করণীয় বিষয় নিয়ে সেমিনার (১০টি স্কুল/মাদ্রাসার শিশুদের অংশগ্রহণে)	খুলনা কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজ
১৪.১০.২০২৫ মঙ্গলবার	সকাল ১০.০০ টা	সমাপনী অনুষ্ঠান, আলোচনা, পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান	বাংলাদেশ শিশু একাডেমি খুলনা

বি.দ্র. ১। প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিশুদেরকে প্রতিযোগিতা শুরুর ৩০ মিনিট পূর্বে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

২। চিত্রাংকন প্রতিযোগিতায় শুধুমাত্র কাগজ সরবরাহ করা হবে। অন্যান্য উপকরণ প্রতিযোগীদের সংগে আনতে হবে।

উক্ত প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/পরিচালক/সম্পাদক

-----, খুলনা

স্মারক নং: বিএসএ/খুল/শিশু অধিকার সপ্তাহ-০৮/২০২৫/১০৫(১০), তারিখ : ২২.০৯.২০২৫ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি
- ২। পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ কর হলো)
- ৩। জেলা প্রশাসক, খুলনা
- ৪। পুলিশ সুপার, খুলনা
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা
- ৭। উপপ্রধান তথ্য কর্মকর্তা, আঞ্চলিক তথ্য অফিস, খুলনা। (দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। জেলা শিক্ষা অফিসার (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ কর হলো)
- ৯। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ কর হলো)
- ১০। অফিস নথি


২২.০৯.২০২৫
(মো. সাদ্দাম হোসেন)
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি
খুলনা
০২-৪৭৭৭২৫৬৪৮/০১৭০০-৭৮০৮০৮
bsakhulnagov@yahoo.com